



অবিলম্বে প্রকাশের জন্য: 1/2/2026

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল সিনেট ডিসট্রিক্ট 47 এবং 61, এবং অ্যাসেম্বলি ডিসট্রিক্ট 36-এ বিশেষ নির্বাচন ঘোষণা করলেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 47তম এবং 61তম সিনেট ডিসট্রিক্টের, এবং 36তম অ্যাসেম্বলি ডিসট্রিক্টের শূন্য পদ পূরণ করার জন্য 3 ফেব্রুয়ারি, 2026, মঙ্গলবার, একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হবে। স্টেটের সাবেক সিনেটর Brad Hoylman-Sigal (ব্র্যাড হোলিম্যান-সিগাল), স্টেটের সাবেক সিনেটর Sean Ryan (শন রায়ান) এবং সাবেক অ্যাসেম্বলি সদস্য Zohran Mamdani-এর (জোহরান মামদানি) পদত্যাগের কারণে যথাক্রমে শূন্য পদগুলি তৈরি হয়েছে। গভর্নর Hochul (হোকল) 2 জানুয়ারি Public Officers Law অনুযায়ী ঘোষণাপত্র ঘোষণা করেন।

"স্টেটের এই লেজিস্লেটররা অ্যালবানিতে (Albany) খুব ভালোভাবে নিজেদের কমিউনিটির প্রতিনিধিত্ব করেছেন, তাদের পরবর্তী অধ্যায়ের জন্য আমরা তাদের শুভ কামনা জানাচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই ডিসট্রিক্টগুলির নাগরিকদের প্রতিনিধি যাতে স্টেটের আইনসভায় (Legislature) থাকেন তা নিশ্চিত করতে শূন্য পদগুলি পূরণ করার জন্য 3 ফেব্রুয়ারি, 2026 তারিখে একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হবে। তাদের পর যারা তাদের পদ নিবেন তাদের সাথে কাজ করতে এবং নিউ ইয়র্কবাসীর জন্য গুরুত্বপূর্ণ এমন বিষয়ে কাজ করতে আমি আগ্রহী।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)